বুস্টারডোজ দিবসে মেহেরপুরে টিকা নেবে ১৫ হাজার

মেহেরপুরে স্বাস্থ্য বিভাগের নির্ধারিত ৬৯ টিকাদান কেন্দ্রে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বৈশ্বিক মহামারি করোনা প্রতিরোধে বুস্টার ডোজ (তৃতীয় টিকা) নিলেন স্থানীয়রা।

আগের মত প্রথম বা দ্বিতীয় ডোজ টিকাদান কেন্দ্রগুলোতে যে ভিড় ছিল, সেই ভিড় বুষ্টারডোজে দেখা মেলেনি। স্বস্তিতে বুষ্টার নিয়ে হাসিমুখেই বাড়ি ফিরছেন তারা।

জেলা সিভিল সার্জন অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ৬৯ টি টিকা কেন্দ্রে এই টিকাদান কার্যক্রম চলছে। প্রতিটি টিকাকেন্দ্রে ২ জন টিকাদানকারী ও তিনজন করে স্বেচ্ছাসেবি কাজ করছেন।

সরেজমিন গাংনীর তেরাইল গ্রামের টিকাদান কেন্দ্রে দেখা গেছে, সকাল সাড়ে ৯টার দিকেই অর্ধাশতাধিক নারী, পুরুষ এসেছেন টিকা নিতে। তবে, এই টিকাদান কেন্দ্রে লক্ষ করা গেছে টিকার প্রথম দুই ডোজ গ্রহণের প্রমাণপত্র (কার্ড, ফরম) ছাড়াই এসেছেন অনেকেই।
তেরাইল গ্রামের বিথী ও সাকিব জানান আমরা এর আগে দুটি ডোজ নিয়েছি। আজকে বাড়ির কাছে বুষ্টার ডোজ দিচ্ছে। তাই সহজেই এটা নিয়ে নিলাম।

মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়ার টিকাদান কেন্দ্রে টিকা দিলেন সদর উপজেলার বামনপাড়া এলাকার গৃহবধু মরিয়ম নেছা, শহরের হালদারপাড়া এলাকার যুবক নাইম রহমান, বোষপাড়ার সুজন কর্মকার।
টিকা গ্রহণকারী মোছাঃ মরিয়ম বলেন, সরকারের নির্দেশ। তাই আগ্রহের সাথেই বুস্টার ডোজ দিতে আসলাম। ডোজ দিতে কোনো প্রকারের অসুবিধা হয়নি। এর আগের ডোজগুলোও যথা সময়ে দিয়েছি এবং বুস্টার ডোজটাও যথা সময়ে দিলাম।

টিকা নিয়ে খুশি বাওট গ্রামের সাহাবুল ইসলাম (৫৫)। তিনি জানালেন, আজ মঙ্গলবার আমার স্ত্রী চাইনা খাতুন ও ছেলেসহ ৪ জন এই টিকা নিলাম। তারা সরকারকে আন্তরিক ধন্যবাদও জানান।

গাংনী শহরের আরজ আলী বলেন, বিশ্বজুড়ে বৈশ্বিক সংকটের মধ্যেও

তিনটি করোনা প্রতিরোধী টিকা নিতে পেরেছি।
টিকা গ্রহীতার সংখ্যা কম হওয়া প্রসঙ্গে গাংনীর ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদ বলেন, ইতোমধ্যে অনেকেই বুস্টার ডোজ নিয়ে ফেলেছেন। তাই টিকা মানুষের দৌরগোড়ায় পৌছে গেলেও আগ্রহ কমে গেছে, হয়তো এজন্যই ভিড় কম। দিনব্যাপী টিকা কার্যক্রম চলবে।

মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মো: জওয়াহেরুল আনাম সিদ্দীকি বলেন, দ্বিতীয় ডোজ গ্রহণের ৪ মাস পার হলেই ১৮ বছর বা তদূর্ধ্ব বয়সী সবাই করোনার টিকার বুস্টার ডোজ নিতে পারবেন। সরকার ঘোষিত বুষ্টার ডোজ দিবসে জেলায় ১৫ হাজার মানুষকে এ কার্যক্রমের আওতায় টিকা দেওয়ার লক্ষমাত্রা ধরা হয়েছে।

মুজিবনগরে আবারো প্রধানমন্ত্রীর উপহারের ঘর পাচ্ছেন ৬ পরিবার

মুজিবনগরে ৩য় ধাপে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ৬ টি ভূমি ও গৃহহীন পরিবারকে নতুন গৃহ দিতে সংবাদ সম্মেলন করেছে উপজেলা প্রশাসন এবং আগামী ২১ জুলাই (বৃহস্পতিবার) আনুষ্ঠানিকভাবে দুই শতক জমির দলিলসহ এই ঘরের চাবি ওইসব পরিবারকে দেয়া হবে।

আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সংবাদ সম্মেলন থেকে বিষয়টি নিশ্চিত করেছে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

সংবাদ সম্মেলনে উপজেলা নির্বাহী অফিসার জানান,প্রধানমন্ত্রীর উপহার হিসেবে সব এলাকায় ভূমিহীন ও গৃহহীনদের ঘর দেয়া হবে। কোনো মানুষই আর গৃহহীন থাকবে না। এ প্রকল্পের আওতায় মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়নে ইতিমধ্যে ২৭ টি পরিবারের মাঝে জমি ও ঘর দেয়া হয়েছে। ৩য় ধাপের ২য় পর্যায়ে আরো ৬ টি নতুন পরিবারকে জমিসহ গৃহ উপহার দেয়া হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের

সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রবসহ মুজিবনগরে কর্মরত সকল সংবাদ কর্মিরা।

মেহেরপুরে টিকার বুস্টার ডোজ দেওয়া শুরু

মেহেরপুরে করোনার টিকার বুস্টার ডোজ দেওয়া শুরু হয়েছে।মঙ্গলবার মেহেরপুরের বেশ কয়েকটি কেন্দ্রে এই টিকা দেওয়া শুরু হয়।

খোঁজ নিয়ে জানা গেছে, মেহেরপুর জেলা স্টেডিয়াম ও মেহেরপুর সরকারী কলেজের কেন্দ্রে সকাল ৯ টায় বুস্টার ডোজ দেওয়া শুরু হয়। এসব কেন্দ্রে লোকজন লাইন ধরে টিকা নিচ্ছেন। যারা টিকা নিতে পারবে তাদের আগে থেকেই মোবাইল ফোনে এসএমএস করে কনফার্ম করা হয়েছে। আজ ফাইজারের টিকা দেওয়া হচ্ছে।

মেহেরপুরের বেশ কয়েকটি জায়গায় ফাইজারের বুস্টার ডোজ দেওয়া হবে বলে জানান মেহেরপুর রেড ক্রিসেন্ট সোসাইটি শাখার যুব প্রধান খন্দকার শামসুজ্জোহা সোহাগ।

তিনি বলেন, আমরা স্টেডিয়াম কেন্দ্র এই সপ্তাহে সাড়ে ৪ হাজার থেকে ৫ হাজারের ওপরে বুস্টার ডোজ প্রদানের লক্ষ্যমাত্রা নিয়ে ১০ জন কর্মী নিয়মিত কাজ করে চলেছি। আজকে প্রায় ৭ শ’ জন মানুষকে আমরা বুস্টার ডোজের আওতায় এনেছি। আশা করছি এই সপ্তাহে আমরা একটি বৃহৎ অংশকে বুস্টার ডোজ দিতে পারবো।

প্রথম বা দ্বিতীয় ডোজের চেয়ে প্রায় ৯৫ শতাংশ মানুষের উপস্থিতি লক্ষ্য করা গেছে। ভলেন্টিয়ার মোঃ নাগর ইসলাম, শেখ আবিদ আল হাসান, আনসা আমরুল, নুসরাত জাহান জ্যোতি, নার্স দেলোয়ার হোসেন ও অবনিতা মন্ডলের গুরুত্বসহকারী কাজকে প্রসংশা করেছেন টিকা দিতে আসা মানুষজন।

মেহেরপুর সদর উপজেলার হরিপুর গ্রামের আফজাল হোসেন বলেন, বুস্টার ডোজ দিতে কোনো অসুবিধাই হয়নি। লাইনে দাঁড়ানোরও প্রয়োজন হয়নি একদমই ফাঁকা ছিলো।

মোছাঃ মরিয়ম বলেন, যেহেতু সরকারের নির্দেশ তাই আগ্রহের সাথেই বুস্টার ডোজ দিতে আসলাম। ডোজ দিতে কোনো প্রকারের অসুবিধা হয়নি। এর আগের ডোজগুলোও যথা সময়ে দিয়েছি এবং বুস্টার ডোজটাও যথা সময়ে দিলাম।

মেহেরপুর সদর উপজেলার বামন পাড়া গ্রামের শহিদুল ইসলাম বলেন, প্রথম ও দ্বিতীয় ডোজ দেওয়া শেষ তাই বুস্টার ডোজ দিতে আসলাম। এসে দেখি অনেকেই এসেছে কিন্তু অল্প সময়ের মধ্যেই টিকা দিয়ে চলে আসলাম।

বুস্টার ডোজ দেওয়ার জন্য প্রথম ও দ্বিতীয় ডোজের টিকার কার্ড প্রয়োজন।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার সকালে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে পরিষদ মিলনয়াতনে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক প্রফেসর আবুল কালাম আজাদ, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই উত্তম কুমার, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান ,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব সহ উপজেলার সকল অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ,রাজনৈতিক

নেতৃবৃন্দ,মুক্তিযোদ্ধা, সাংবাদিক ও এনজিও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৫, দুটি মামলা রুজ্জু

মেহেরপুর পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৩ জন ও নিয়মিত মাদক মামলায় ২ জনসহ ৫ জন গ্রেফতার হয়েছে।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (১৯ জুলাই) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করে পুলিশ।

এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ৩ জন, নিয়মিত মাদক মামলায় মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ ও গাংনী থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেছেন।

এদিক গাংনী ও মুজিবনর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা এফআইআর করা হয়েছে।
গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল ও সদর

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দীন আহম্মেদ এসব আসামী গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরের মাছ মাংস ও সব্জীর

মান সারাবিশ্বে ছড়িয়ে দিতে হবে

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, কৃষি ও কৃষকের উন্নয়নের মধ্য দিয়ে আমাদের সমাজ ও দেশকে এগিয়ে নিতে হবে। কৃষকরা এই দেশের প্রাণ তাই তাদের সন্তানকে যেনো ভাল স্কুল, কলেজ ভার্সিটিতে পড়াতে পারেন সেই ব্যবস্থা করতে হবে আমাদের।

সোমবার (১৮ জুলাই) দিবাগত রাত সাড়ে ৯ টার সময় মেহেরপুর প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে আয়োজিত মতবিনিময় সভায় মেহেরপুর - ২ আসনের এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এসব কথা বলেন।

মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এমপি খোকন আরো বলেন, মেহেরপুর জেলায় আমরা দীর্ঘদিন পরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মত গুরুত্বপূর্ণ একজন প্রতিমন্ত্রী পেয়েছি।

মেহেরপুর জেলা এখন উন্নয়নের পথে এগুচ্ছে। তিনি তার সংসদীয় এলাকার স্কুল, কলেজ, মাদ্রাসার ভৌত অবকাঠামোগত উন্নয়ন, ব্রীজ কালভার্ট, নদী খনন, রাস্তা ঘাট নির্মানসহ বিভিন্ন উন্নয়ন চিত্র তুলে ধরেন।

তিনি বলেন, শুধু উন্নয়নের চিত্র নয়, আমাদের জেলার সুস্বাদু আমের কদর, কৃষকের গোয়ালের গরুর ও ছাগলের মাংস, পুকুরের মাছ আর সব্জীর স্বাদের কথাগুলো সাংবাদিকদের বেশি বেশি তুলে ধরতে হবে। তিনি বলেন, আমাদের জেলার আয়তন খুব ছোট। এখানকার মাটি অত্যন্ত উর্বর। সাম্প্রতিক সময়ে দেখা গেছে, জেলার আবাদযোগ্য জমির পরিমান কমে যাচ্ছে। যত্রতত্র পুকুর খনন, ইটভাটা গড়ে ওঠা, অপরিকল্পিত বাড়ি ঘর নির্মান তার মধ্যে অন্যতম কারণ। তাই সাংবাদিকদের বিষয়ে তাদের লেখনি দিয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

তিনি উল্লেখ করে বলেন, মেহেরপুর জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপন, রেল লাইন নির্মাণ ও স্থলবন্দর স্থাপণের ঘোষণা হয়েছে। এজন্য বিপুল পরিমাণ ভূমি অধিগ্রহণ করতে হবে। আমাদের আবাদযোগ্য জমি রেখে কোনো খাস ও পরিত্যক্ত জমি বা কিছু প্রতিষ্ঠানের অপ্রোয়জনীয় জমি কাজে লাগানো যায় কিনা এসব বিষয় নিয়েও সাংবাদিকদের দিক নির্দেশনামুলক প্রতিবেদন প্রত্যাশা করেন তিনি।

এমপি খোকন বলেছেন, বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। এই সরকার কৃষকের উন্নয়নের জন্য সারে কোটি কোটি টাকা ভর্তুকি দিচ্ছেন। বাজারে পর্যাপ্ত সার আছে। অথচ, এক শ্রেনীর সার সিন্ডিকেট মুনাফা লুটতে সারের দাম বাড়িয়ে দিচ্ছে। অধিক দাম নিয়ে তারা কৃষকদের সার দিচ্ছে। এসব বিষয়গুলো সাংবাদিকদের লেখনির মাধ্যমে সরকারের নখদর্পণে আনার অনুরোধ জানান। এসময় মেহেরপুর প্রেসক্লাবের উন্নয়নে তাদের পাশে থাকারও আশ্বাস দেন এমপি।

বক্তব্য রাখেন, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, সাবেক যুবলীগের নেতা আব্দুস সালাম, সাবেক ছাত্রনেতা শেখ আনিসুজ্জামান লুইচ।

বেন আমিন মুক্তর সঞ্চালনায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের উপদেষ্টা তুহিন আরণ্য, আলামিন হোসেন, ওয়াজেদুল হক, কামারুজ্জামান খান, আবু লায়েচ লাবলু, গোলাম মোস্তফা, মহসিন আলী আঙ্গুর, মহসিন আলী, জুলফিকার আলী কানন, আবু আক্তার করন, রামিজ আহসান, আসিফ ইকবাল, জাহির হোসেন চঞ্চল, মীর মাহলায়েন শিশির প্রমুখ।

মতবিনিময় সভার শুরুতে মেহেরপুর প্রেসক্লাবের পঞ্চাশ বছর পূর্তির শুভেচ্ছা ক্রেষ্ট ও প্রকাশিত স্বারকগ্রন্থ উপলব্ধি তুলে দেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনকে। প্রেসক্লাবের সভাপতি ও অন্যান্য সাংবাদিকবৃন্দ এসব উপহার ও ক্রেষ্ট তুলে দেন।

বেলগাছি ইউপি চেয়ারম্যান চঞ্চলসহ ৭ জনের বিরুদ্ধে মামলা

আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চঞ্চলের বিরুদ্ধে মিমাংসার নামে নারীকে শ্লীলতাহানি ও পুলিশ সদস্যকে মারপিটের অভিযোগ উঠেছে।

মারপিটের ঘটনায় ওই নারী বাদি হয়ে আলমডাঙ্গা থানায় ৭ জনের নাম উল্লেখ করে মামলা দায়ের করেছে। এ ঘটনায় এলাকাজুড়ে ব্যাপক সমালোচনা সৃষ্টি হয়েছে। গতকাল সোমবার পর্যন্ত এ মামলায় কাউকে

গ্রেফতার করতে পারেনি পুলিশ।

মামলার এজাহার সুত্রে জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামের মৃত মোজাম আলীর স্ত্রী ছাবিনা খাতুনের সাথে একই গ্রামের নুরুল ইসলামের ছেলে আব্দুল ওহাবের জমি সংক্রান্ত বিরোধ চলে আসছে।

গত শনিবার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল মীমাংসা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে বেলগাছি ইউনিয়ন পরিষদে আসতে বলে। সাবিনা খাতুন তার বোনের ছেলে পুলিশ সদস্য সাব্বিরকে সাথে নিয়ে ইউনিয়ন পরিষদে যায়।

তাদের যাবার পূর্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের লোকজন ওখানে উপস্থিত থাকে। ফরিদপুর গ্রামের সাবেক ইউপি সদস্য বিপ্লব, ডামোশ গ্রামের মিনারুল ও বেলগাছি গ্রামের শাহিন বিচার করে দেওয়ায় কথা বলে ২০ হাজার টাকা দাবি করেন। টাকা দিতে তারা অনিহা প্রকাশ করে। এতে সাবিনা ও পুলিশ সদস্য সাব্বিরের সাথে তর্কে জড়িয়ে পড়ে। চেয়ারম্যানের লোকজন ক্ষিপ্ত হয়ে সাবিনা ও সাব্বিরকে রুমে আটকে রেখে মারপিট করে।

এ ঘটনায় পুলিশ সদস্য তার আহত খালাকে সাথে নিয়ে দুপুরে আলমডাঙ্গা থানায় উপস্থিত হয়ে লিখিত অভিযোগ করেন। পরবর্তীতে রাতে সাবিনা খাতুন বাদী হয়ে ৭ জনের নাম উল্লেখ করে মামলা দায়ের করেন।

আলমডাঙ্গা থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, সালিশের নামে মহিলাকে শ্লীলতাহানি ও পুলিশ সদস্যকে মারপিটের ঘটনায় ৭ জনের নামে মামলা হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি। অভিযান চলছে।

বর্তমান সরকার মানুষের কল্যাণের জন্য চিন্তা করে

আলমডাঙ্গার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সের ৫০ বেডের নতুন ভবন

উদ্বোধন করা হয়েছে। সোমবার সকাল ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন নতুন ভবনের উদ্বোধন করেন।

নতুন ভবন উদ্বোধন শেষে হারদি স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে উপজেলা স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির আলোচনা সভা অংশ নেন এমপি ছেলুন জোয়াদ্দার।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, বর্তমান সরকার মানুষের কল্যাণের জন্য চিন্তা করে। সাধারণ মানুষের নাগালে কমিউনিটি ক্লিনিক থাকায় সহজেই চিকিৎসা সেবা পাচ্ছে।

তিনি আরো বলেন, হারদি স্বাস্থ্য কমপ্লেক্সের নতুন ভবনের কারণে চিকিৎসা সেবার আরো মানউন্নয়নে অগ্রগতি পেলো। উপজেলার সাধারণ মানুষ আর জেলামুখী চিকিৎসা সেবা নিতে দৌঁড়াতে হবে না।

অনুষ্ঠানটি পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ।

এসময় বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডাক্তার সাজ্জাদ হোসেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, সাবেক ভাইস চেয়ারম্যান দেলোয়ার হোসেন, থানা অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম, উপজেলা পঃপঃ কর্মকর্তা হাসানুজ্জামান খান, সমাজসেবা অফিসার নাজমুল হোসেন, হারদী ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম।

এসময় উপস্থিত ছিলেন এনজিও প্রতিনিধি বাবুল আক্তার, এ এইচ আই মাহবুল ইসলাম, ডাক্তার নাজনীন সুলতানা, ডাক্তার পার্থ সারথি পাল, শারমিন আক্তার, ডাক্তার আব্দুল্লাহ আল মাসুম, ডাক্তার আলামিন, ডাক্তার আব্দুল্লাহ আল গালিব, ডাক্তার শরিফুল ইসলাম, ডাক্তার চৌধুরী আসিফ আব্দুল্লাহ, ডাক্তার শারমিন সুলতানা, ডাক্তার মহুয়া বিনতে মোরশেদ, ডাক্তার জেসমিন আক্তার, ডাক্তার রুকাইয়া খাতুন, ডাক্তার লিয়ন, ডাক্তার শাহানা নাজনীন সহ উপজেলা স্বাস্থ্য

ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যবৃন্দ। এ নতুন ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৯ কোটি ৭৫ লক্ষ টাকা।

কয়রায় কপোতাক্ষ নদের ভেঙে যাওয়া বেড়িবাঁধ সেচ্ছাশ্রমে মেরামত

খুলনার কয়রা উপজেলার দক্ষিণ বেদকাশির পানি উন্নয়ন বোর্ডের ১৪/১ পোল্ডারে কপোতাক্ষ নদের ভেঙে যাওয়া ৩শ মিটার বেড়িবাঁধ সোমবার হাজার হাজার মানুষ সেচ্ছাশ্রমে রিং বাঁধ দিয়ে মেরামত সম্পন্ন করেছে।

গত রোববার ভোরে হঠাৎ করে বেড়িবাঁধ টি নদীগর্ভে বিলীন হয়ে ৩টি গ্রাম প্লাবিত হয়ে মানুষের বসতবাড়ি, মাছের ঘের ও ক্ষেতখামার তলিয়ে যায়। পরদিন এলাকার হাজার হাজার মানুষ সেচ্ছাশ্রমে সকাল থেকে দুপর পর্যন্ত মাটির কাজ করে রিংবাঁধ নির্মান করে লোনা পানি আটকিয়ে দেয়।

এ সময় সাবেক সংসদ সদস্য এড. সোহরাব আলী সানা, উপজেলা চেয়ারম্যান আলহাজ এসএম শফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, পাউবোর সেকশন কর্মকর্তা মশিউল আবেদীন, নাঈম ইসলাম, দক্ষিণ বেদকাশি ইউপি চেয়ারম্যান আছের আলী মোড়ল, গাবুরা ইউপি চেয়ারম্যান আলহাজ মাসুদুল আলম, সাবেক চেয়ারম্যান জিএম কবি শামছুর রহমান, এড. মঞ্জুরুল আলম নান্নু, প্যানেল চেয়ারম্যান আবু ছালাম খান, মেম্বর মোজাফফার শিকারী, তন্ময় সরকার, দিদারুল ইসলাম, আবু বকর, প্রশান্ত কুমার প্রমুখ উপস্থিত ছিলেন।

পাউবোর সেকশন কর্মকর্তা মশিউল আবেদীন জানান, ক্ষতিগ্রস্ত বেড়িবাঁধ মেরামতে পানি উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় বাঁশ, বস্তা, রশি, পেরেক, বল্লী সহ অন্যন্য সরঞ্জাম সরবরাহ করে। বাঁধটি মেরামতের পর এলাকার মানুষের স্বস্তির নিঃশ্বাস ফেলতে দেখা যায়।

মুজিবনগরে পুলিশের অভিযানে ভারতী চুল উদ্ধার

মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে ২০ কেজি ভারতীয় চুল উদ্ধার করেছেন।

আজ সোমবার (১৮ জুলাই) দুপুর ১ টর সময় উপজেলার সীমান্তবর্তী সোনাপুর গ্রামের ঘানি পাড়া এলাকার জনৈক বিল্লাল হোসেনর একটি মেহগনি বাগান থেকে পরিত্যক্ত অবস্থায় চোরাইপথে আসা এই ভারতীয় চুল উদ্বার করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদি রাসেলের নেতৃত্বে এসআই উত্তম কুমার, এসআই সজিব, এসআই প্রসেনজিৎ ও এএসআই আলিম সহ সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

এঘটনায় একটি মামলা প্রক্রিয়াধীন বলে জানান ওসি মেহেদী রাসেল।